

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা ।

ডিএফআইএম সার্কুলার নং-০২

তারিখ: ১৮ মাঘ, ১৪১৮
৩১ জানুয়ারি, ২০১২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক পুঁজিবাজারে বিনিয়োগ প্রসংগে ।

উপর্যুক্ত বিষয়ে ১৯ সেপ্টেম্বর, ২০১১ তারিখের ডিএফআইএম সার্কুলার নং-১১ এর প্রতি আপনাদের দৃষ্টি
আকর্ষণ করা যাচ্ছে । এ ব্যাপারে অধিকতর ব্যাখ্যা/স্পষ্টীকরণ ও সিদ্ধান্ত নিম্নরূপঃ

- ১) মার্চেন্ট ব্যাংকিং ও ব্রোকারেজ কার্যক্রমের উদ্দেশ্যে গঠিত আর্থিক প্রতিষ্ঠানের নিজস্ব সাবসিডিয়ারী
কোম্পানীতে উক্ত আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত মূলধন এবং অন্য কোন কোম্পানীতে কোন আর্থিক
প্রতিষ্ঠানের দীর্ঘমেয়াদী Equity Investment/Venture Capital এ আর্থিক প্রতিষ্ঠানের
পুঁজিবাজার Exposure হিসেবে গণ্য হবে না ;
- ২) মার্চেন্ট ব্যাংকিং ও ব্রোকারেজ কার্যক্রম পরিচালনার উদ্দেশ্যে গঠিত নিজস্ব সাবসিডিয়ারী প্রতিষ্ঠানের
অনুকূলে প্রদত্ত Single Borrower Exposure Limit এর অতিরিক্ত বিদ্যমান ঋণ আর্থিক
প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৪(১)(গ) ধারায় নির্ধারিত সীমার মধ্যে নামিয়ে আনার সময়সীমা ৩১
ডিসেম্বর, ২০১৩ এ নির্ধারণ করা হলো ;
- ৩) পুঁজিবাজারে আর্থিক প্রতিষ্ঠানের বিনিয়োগ হতে উভ্রূত কোন ক্ষতির জন্য প্রতিশন সংরক্ষণের ক্ষেত্রে
gain/loss net off করে প্রতিশন সংরক্ষণ করা যাবে ।

জনস্বার্থে এ নির্দেশ জারী করা হলো যা অবিলম্বে কার্যকর হবে ।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন ।

আপনাদের বিশ্বত্ত,

মোঃ সোহরাওয়াদী

মহাব্যবস্থাপক

ফোন নং-৭১২০৯৫৬